# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**09-04-2026** **Time: 7.35 AM**

---

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১) বরিষ্ঠ বিজেপি নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নির্বাচনী প্রচারে আজ রাজ্যে আসছেন।

তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী দলীয় প্রার্থীর সমর্থনে ডানলপ থেকে সিঁথির মোড় পর্যন্ত পদযাত্রায় অংশ নেবেন। ভোটারদের মন জয়ে সবরকম চেষ্টা চালাচ্ছে বামফ্রন্ট কংগ্রেস সহ অন্য দলগুলিও।

২) রাজ্যে প্রথম দফা বিধানসভা নির্বাচনে প্রার্থীপদ প্রত্যাহারের আজ শেষ দিন।

দ্বিতীয় দফায় মনোনয়ন জমা দেওয়ার সময়সীমা আজ শেষ হচ্ছে।

৩) নির্বাচন কমিশন পোস্টাল ব্যালটে ভোট দেওয়ার প্রক্রিয়াকে আরও সুরক্ষিত ও স্বচ্ছ করার উপর জোর দিচ্ছে।

৪) প্রাক্তন কংগ্রেস সাংসদ আবু হাসেম খান চৌধুরী প্রয়াত।

৫) উত্তর ও দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় আজও বজ্রবিদ্যুত্‍ সহ বৃষ্টির সম্ভাবনা।

৬) ইডেনে আজ আইপিএল ক্রিকেট ম্যাচে কলকাতা নাইট রাইডার্স, লক্ষ্ণৌ সুপার জায়ান্টস মুখোমুখি হবে।

--------------------------------------------------------------------------------

বরিষ্ঠ বিজেপি নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নির্বাচনী প্রচারে আজ রাজ্যে আসছেন। সকালে পূর্ব মেদিনীপুরের হলদিয়ায় জনসভা করবেন তিনি। এরপর পশ্চিম বর্ধমানের আসানসোল এবং বীরভূমের সিউরিতে দলীয় প্রার্থীদের সমর্থনে আরো দুটি জনসভা করার কথা তাঁর।

এদিকে বিজেপি নেতা, কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান আজ হুগলীর সিঙ্গুরে কৃষকদের একটি সভায় উপস্থিত থাকবেন। দুপুরে কলকাতায় জাতীয় গ্রন্থাগারে এক সম্মেলনে যোগ দেবেন তিনি।

রাজ্য সফররত বিজেপির সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন আজ মালদায় একটি বৈঠকের পর উত্তর দিনাজপুরের চাকুলিয়াতে দলীয় প্রার্থীর সমর্থনে জনসভা করবেন।

তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ উত্তর ২৪ পরগণার বরানগরে দলীয় প্রার্থীর সমর্থনে ডানলপ থেকে সিঁথির মোড় পর্যন্ত পদযাত্রায় অংশ নেবেন। পানিহাটিতে প্রচারের কর্মসূচী রয়েছে তাঁর।

বামফ্রন্ট কংগ্রেস সহ অন্য দলগুলিও আজ মিটিং মিছিল ও জনসভা করবে।

---------------------

এসআইআর প্রক্রিয়ায় বিপুল সংখ্যক মানুষের নাম বাদ যাওয়ার জন্য তৃণমূল কংগ্রেসই দায়ী বলে বিজেপি অভিযোগ করেছে। দলের রাজ্য সভাপতি শমিক ভট্টাচার্য্য সাংবাদিকদের বলেন, প্রথম থেকেই এসাইআর প্রক্রিয়ায় বাধা সৃষ্টি করে পরিস্থিতি আরও জটিল করে তুলেছে শাসকদল।

বাইট শমিক

এদিকে, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী বহু ভোটারের মামলা ট্রাইবুনালে বিচারাধীন থাকা সত্ত্বেও কিভাবে তালিকা ফ্রিজ করা হল, সেই নিয়ে প্রশ্ন তুলেছেন। হুগলীতে গতকাল নির্বাচনী প্রচারে যোগ দিয়ে তিনি বলেন, পরিকল্পনা করেই বেছে বেছে ভোটারদের নাম বাদ দেওয়া হয়েছে।

বাইট মমতা

পরিকল্পনা করে বহু সংখ্যক বৈধ ভোটারের ভোটাধিকার অগণতান্ত্রিক পদ্ধতিতে কেড়ে নেওয়া হয়েছে বলে বামফ্রন্ট অভিযোগ করেছে। এক বিবৃতিতে গতকাল ফ্রন্ট চেয়ারম্যান বিমান বসু বলেন, বিজেপি এবং রাজ্যের শাসক দল এই কাজে যুক্ত। বাদ পড়া ভোটারদের বেশিরভাগই মহিলা, গরীব, প্রান্তিক মানুষ বলে তিনি উল্লেখ করেন।

---------------------

রাজ্যে প্রথম দফা বিধানসভা নির্বাচনে প্রার্থীপদ প্রত্যাহারের আজ শেষ দিন। এই দফায় ১৫২ টি আসনে আগামী ২৩ শে এপ্রিল ভোটগ্রহণ।

এদিকে, দ্বিতীয় দফায় ১৪২ টি আসনের জন্য মনোনয়ন জমা দেওয়ার সময়সীমা আজ শেষ হচ্ছে। আগামীকাল জমা পড়া মনোনয়ন পত্রগুলি পরীক্ষা করে দেখা হবে। প্রার্থী পদ প্রত্যাহারের শেষ দিন ১৩ ই এপ্রিল। এই পর্বে ১৪২ টি আসনে ২৯ শে এপ্রিল ভোট নেওয়া হবে।

---------------------

নির্বাচন কমিশন আসন্ন বিধানসভা নির্বাচনে পোস্টাল ব্যালটে ভোট দেওয়ার প্রক্রিয়াকে আরও সুরক্ষিত ও স্বচ্ছ করার উপর জোর দিচ্ছে। এক নির্দেশিকায় এই প্রক্রিয়ার জন্য ব্যবহৃত ফেসিলিটেশন সেন্টার (এফসি) এবং পোস্টাল ভোটিং সেন্টার (পিভিসি)-তে ভোটগ্রহণের ক্ষেত্রে নজরদারি ও নিরাপত্তা জোরদার করার কথা বলা হয়েছে।

নির্বাচনী দায়িত্বে থাকা ভোটারদের নির্দিষ্ট ফ্যাসিলিটেশন সেন্টারেই পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোট দিতে হবে। পাশাপাশি জরুরি পরিষেবার সঙ্গে যুক্ত অনুপস্থিত ভোটারদের জন্য পোস্টাল ভোটিং সেন্টারের ব্যবস্থা রাখা হয়েছে।

এই প্রক্রিয়ায় নজরদারি বাড়াতে গ্রুপ 'বি' পর্যায়ের একজন আধিকারিককে প্রতিটি বুথে মাইক্রো অবজারভার হিসেবে নিয়োগ বাধ্যতামূলক। এছাড়া সাধারণ, পুলিশ বা ব্যয় পর্যবেক্ষকদের দিনে অন্তত তিনবার করে এই কেন্দ্রগুলি পরিদর্শনের নির্দেশ দেওয়া হয়েছে। ভোটগ্রহণ ও খাম সিল করার প্রক্রিয়া ঠিকমতো হচ্ছে কি না, তা নিশ্চিত করতে হবে এবং কোনও গড়মিল হলে তা দ্রুত রিপোর্ট করতে হবে। প্রতিটি ফ্যাসিলিটেশন ও পোস্টাল ভোটিং সেন্টারের প্রবেশপথে কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের নির্দেশ রয়েছে।

এছাড়া, প্রতিটি বুথে সিসিটিভি ক্যামেরা বসিয়ে পুরো ভোটগ্রহণ প্রক্রিয়া রেকর্ড করার নির্দেশ দেওয়া হয়েছে।

--------------------

পূর্ব মেদিনীপুরের হলদিয়ায় বালুঘাটায় হলদি নদীর ধারে বিজেপি কর্মীর রক্তাক্ত দেহ উদ্ধারের গটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। পেশায় মৎস্যজীবী ৪২ বছরের মহাদেব বিশ্বাস গত মঙ্গলবার থেকে নিখোঁজ ছিলেন। গতকাল তার ক্ষতবিক্ষত দেহ উদ্ধার হয়।

বিজেপির দাবি তৃণমূল কংগ্রেস আশ্রিত দুষ্কৃতীরাই তাকে খুন করেছে। যদিও অভিযোগ অস্বীকার করেছে শাসকদল।

--------------------

শিলিগুড়ির নকশালবাড়ি এলাকায় নির্বাচনী প্রচারের ব্যানার ছেঁড়াকে কেন্দ্র করে তৃণমূল কংগ্রেস ও বিজেপি কর্মীদের সংঘর্ষে গতকাল উত্তেজনা ছড়ায়। দুপক্ষের বচসা চলাকালীন ভিড়ের মধ্যে থেকে শাসক দলের এক কর্মীর ওপর ছুরি দিয়ে আক্রমণ করা হয় বলে অভিযোগ। দোষীদের গ্রেফতারের দাবিতে এলাকায় বিক্ষোভ দেখায় তৃণমূল কংগ্রেস কর্মীরা।

--------------------

মালদার মোথাবাড়িতে বিবেচনাধীন তালিকার নিষ্পত্তির কাজে নিযুক্ত সাত বিচারবিভাগীয় আধিকারিককে ঘেরাও এবং হেনস্থা সহ মোট ১২ টি মামলার তদন্তভার গ্রহণ করেছে এনআইএ। ধৃত ৪১ জন অভিযুক্তকে গতকাল এনআইএর হাতে তুলে -দেওয়ার প্রক্রিয়া শুরু হয়েছে বলে জানা গিয়েছে। অন্যতম অভিযুক্ত আইনজীবী মোফাক্কারুল ইসলাম, আইএসএফ প্রার্থী শাহজাহান আলী কাদরী সহ বাকিদের কড়া নিরাপত্তায় মালদা জেলা আদালতে নিয়ে যাওয়া হয়। তদন্তের স্বার্থে ধৃতদের জিজ্ঞাসাবাদ করবে কেন্দ্রীয় সংস্থা।

--------------------

প্রাক্তন কংগ্রেস সাংসদ আবু হাসেম খান চৌধুরী প্রয়াত। বয়স হয়েছিল ৮৬ বছর। দীর্ঘদিন ধরেই বার্ধক্যজনিত সমস্যায় ভুগছিলেন তিনি। কলকাতার একটি বেসরকারি হাসপাতালে গতরাতে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। ২০০৬ সালে তাঁর দাদা প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী গণিখান চৌধুরীর প্রয়াণের পর মালদা লোকসভা আসনে উপনির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা কোরে প্রথমবার সাংসদ হন আবু হাসেম। ২০০৯, ২০১৪ এবং ২০১৯ এর লোকসভা ভোটের মালদা দক্ষিণ কেন্দ্র থেকে জয়ী হয়েছিলেন তিনি। হয়েছিলেন স্বাস্থ্য ও পরিবারক কল্যাণ প্রতিমন্ত্রীও।

ডালুবাবু নামে সমধিক পরিচিত আবু হাসেমের প্রয়াণে গভীর শোক প্রকাশ করেছেন প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার, দলের নেতা অধীর রঞ্জন চৌধুরী প্রমুখ।

বর্ষীয়ান এই নেতার প্রয়াণে রাজ্য জুড়ে কংগ্রেসের সব কার্যালয়ে আজ দলীয় পতাকা অর্ধনমিত থাকবে বলে এক বিবৃতিতে প্রদেশ কংগ্রেসের তরফে জানানো হয়েছে।

--------------------

মুর্শিদাবাদের কান্দিতে নির্বাচনী প্রচার সেরে ফেরার পথে কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরীর কনভয় গতকাল দুর্ঘটনার কবলে পড়ে। জীবন্তী এলাকায় তার কনভয়ের পাইলট কারে হঠাত্ই দ্রুত গতির একটি ট্রাক পেছন থেকে ধাক্কা মারে। অল্পের জন্য রক্ষা পায় অধীর চৌধুরীর গাড়ি। যদিও দলের মিডিয়া সেলের দায়িত্বপ্রাপ্ত কেতন জয়সওয়াল জখম হয়েছেন। পুলিশ ট্রাক চালককে গ্রেপ্তার করেছে। ঘটনার পর কান্দি থানায় ফোন করা হলে দীর্ঘক্ষণ পুলিশ ঘটনাস্থলে পৌঁছয়নি বলে অভিযোগ।

---------------------

আর্থিক প্রতারণার মামলায় ইডি গতকাল কলকাতার সাতটি জায়গায় দিনভর তল্লাশি চালায়। সঙ্গে ছিল কেন্দ্রীয় বাহিনী। একটি নির্মাণ সংস্থার কর্ণধার সুশীল মেহতার বাড়ি, ফ্ল্যাট এবং দপ্তরে চলে তল্লাশি। জাল নথি তৈরি করে কোটি কোটি টাকা প্রতারণার অভিযোগ রয়েছে ঐ সংস্থার বিরুদ্ধে।

---------------------

কয়লা কেলেঙ্কারি মামলায় ইডির তলবী নোটিশকে চ্যালেঞ্জ জানিয়ে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন কলকাতা পুলিশের ডেপুটি কমিশনার শান্তনু সিনহা বিশ্বাস। বিচারপতি অজয় মুখোপাধ্যায়ের এজলাসে আজ এই মামলার শুনানী। তার আগে সমন নিয়ে ইডি কোনও পদক্ষেপ করতে পারবে না বলে মৌখিকভাবে নির্দেশ দিয়েছে আদালত।

উল্লেখ্য, গতকালই ইডি তাকে হাজিরা দিতে বলেছিল।

---------------------

রাজ্যের সরকারি ও সরকার পোষিত স্কুলে পড়ুয়াদের জন্য বিতরণ করা ইউনিফর্ম, কালো জুতো ও স্কুল ব্যাগের মান যাচাই করতে জেলাস্তরে বিদ্যালয় পরিদর্শকদের আকস্মিক পরিদর্শনের নির্দেশ দিয়েছে স্কুল শিক্ষা দফতর। বিকাশ ভবন থেকে পাঠানো নির্দেশিকায় বলা হয়েছে, নির্ধারিত নিয়ম বা এসওপি অনুযায়ী সামগ্রী বিতরণ সম্পন্ন হয়েছে কি না এবং সেগুলির গুণগতমান কেমন, স্কুলগুলিতে গিয়ে সরেজমিনে তা খতিয়ে দেখতে হবে। অতিরিক্ত মুখ্যসচিবও নিজে বিভিন্ন স্কুলে গিয়ে এই সামগ্রীর মান পরীক্ষা করতে পারেন বলে জানানো হয়েছে।

সব জেলা বিদ্যালয় পরিদর্শকদের ১৫ এপ্রিলের মধ্যে পরিদর্শন সম্পন্ন করে বিস্তারিত রিপোর্ট দফতরে জমা দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।

---------------------

অনুকূল বায়ু প্রবাহ এবং বাতাসে জলীয়বাষ্পের পরিমাণ বেশি থাকায় আজও রাজ্যের বেশ কিছু জেলায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর।

দক্ষিণবঙ্গের কলকাতা, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, হাওড়া, নদিয়া এবং পূর্ব মেদিনীপুর জেলায় আজ বিক্ষিপ্তভাবে বৃষ্টির সম্ভাবনা।

আজ সকাল সাড়ে পাঁচটা পর্যন্ত গত ২৪ ঘন্টায় আলিপুরে ১৫ দশমিক দুই মিলিমিটার বৃষ্টি রেকর্ড করা হয়েছে। বৃষ্টির কারণে কমেছে তাপমাত্রা। আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২১ দশমিক তিন ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে প্রায় ৪ ডিগ্রি কম।

অন্যদিকে উত্তরবঙ্গের পাঁচটি জেলাতেও আজ হাল্কা থেকে মাঝারি বৃষ্টি হতে পারে। তবে ধীরে ধীরে বৃষ্টির পরিমাণ কমবে।

---------------------

আজকের প্রসঙ্গের এবারের বিষয় দৈনন্দিন জীবনে আবহাওয়া এবং জলবায়ু পরিবর্তন। আলিপুর আবহাওয়া দপ্তরের অধিকর্তা ডঃ হাবিবুর রহমান বিশ্বাস এর সঙ্গে কথা বলেছেন আমাদের প্রতিনিধি কাশফিন নাহার। আজ শুনবেন দ্বিতীয় তথা শেষ পর্ব।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত ৮টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

--------------------

কলকাতার ইডেন গার্ডেন্সে আইপিএল ক্রিকেটে আজ কলকাতা নাইট রাইডার্স, লখনউ সুপার জায়ান্টসের মুখোমুখি হবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে ৭ টায়। কেকেআর তিন ম্যাচের পরেও এখনো জয়ের মুখ দেখেনি। পরপর দুই ম্যাচে হারের পর গত সোমবার পাঞ্জাব কিংসের বিরুদ্ধে তাদের তৃতীয় ম্যাচটি বৃষ্টিতে ভেস্তে যাওয়ায় এক পয়েন্ট পায় কেকেআর। অন্যদিকে, লখনউ দুটি ম্যাচে খেলে একটিতে জয়ী হয়েছে।

-------------------- --------------------